

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৯১৯

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كِتَابُ الْفَضَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মুজিয়ার বর্ণনা

### الْفَصْلُ الثَّنْفُ (بَابُ فِي الْمَعْجَزَاتِ)

আরবী

وَعَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ فَخَرَجْنَا فِي بَعْضِ نَوَاحِيهَا فَمَا اسْتَقْبَلَهُ جَبَلٌ وَلَا شَجَرٌ إِلَّا وَهُوَ يَقُولُ: السَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3626) وقال : حسن غريب) و الدارمی (1 / 12 ح

(21) \* وليد بن ابی ثور : ضعيف و عباد : مجهول -

(ضعيف)

বাংলা

৫৯১৯-[৫২] 'আলী ইবনু আবু ত্বালিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মক্কায় নবী (সা.) -এর সাথেই ছিলাম। একদিন আমরা মক্কার পার্শ্ববর্তী কোন অঞ্চলের দিকে বের হই, তখন যে কোন পাহাড় ও গাছ-গাছালি তাঁর মুখোমুখি হয়, তখন তা (তাঁকে) 'আস্সালামু আলাইকা ইয়া রসূলান্ন-হ (হে আল্লাহর রাসূল! আপনার ওপর শান্তি বর্ষিত হোক) বলে। (তিরমিযী ও দারিমী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৬২৬, 'আবদ ইবনু আবু ইয়াযীদ মাজহুল আর ওয়ালীদ ইবনু আবু নূর আল হামদানী যঈফ; হিদায়াতুর রুওয়াত ৫/৩৪৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১২০৯, দারিমী ২১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আলী (রাঃ) বলেন, নবী (সা.) -এর সাথে আমি মক্কাতে ছিলাম। আমরা যখন চারদিকে বের হতাম তখন রাস্তার পাথর, গাছ-গাছালি সবকিছু তাকে “আসসালামু আলাইকা ইয়া রসূলান্ন-হ” বলে সালাম করত। এ হাদীসটি নবী (সা.) -এর মু'জিয়াহ্ ও ওয়ালীদের কারামাত। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85895>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন